

10th National Career Fair
NCF 2026
 Great opportunities under one roof



MGH

NATIONAL CAREER FAIR 2026

The most anticipated event of the year!

Date: 01-03 February 2026

Venue: North South University Campus



NATIONAL CAREER FAIR 2026

নর্থ সাউথ ইউনিভার্সিটির প্লাজায় রবিবার থেকে শুরু হয়েছে তিন দিনব্যাপী দশম ন্যাশনাল ক্যারিয়ার ফেয়ার

-যাযাদি

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে দশম ন্যাশনাল ক্যারিয়ার ফেয়ার উদ্বোধন

■ যাযাদি রিপোর্ট

একাডেমিয়া ও ইন্ডাস্ট্রির মধ্যে সেতুবন্ধ তৈরির লক্ষ্য নিয়ে নর্থ সাউথ ইউনিভার্সিটির প্লাজায় রবিবার থেকে শুরু হয়েছে তিন দিনব্যাপী দশম ন্যাশনাল ক্যারিয়ার ফেয়ার ২০২৬। ইউনিভার্সিটির ক্যারিয়ার এন্ড প্লেসমেন্ট সেন্টার (সিপিএস) আয়োজিত এই মেলায় টাইটেল স্পন্সর হিসেবে যুক্ত রয়েছে দেশের অন্যতম শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান এমজিএইচ গ্রুপ।

এদিন সকাল ১০টায় এনএসইউ সিপিএসির ডিরেক্টর ও এসোসিয়েট প্রফেসর ড. ফারজানা নাহিদ অনুষ্ঠানের স্বাগত বক্তব্যের মাধ্যমে আয়োজনের সূচনা করেন। তিনি স্টুডেন্টদের পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং কর্পরেট জগতের সঙ্গে সংযোগ স্থাপনে সিপিএসির দীর্ঘমেয়াদি পরিকল্পনার কথা তুলে ধরেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন এমজিএইচ গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর সৈয়দ ইকবাল আলী শিমুল, এনএসইউর প্রো-ভাইস

চ্যান্সেলর প্রফেসর ড. নাসার ইউ আহমেদ এবং এনএসইউ বোর্ড অফ ট্রাস্টিজ মেম্বর বেনজীর আহমেদ। এছাড়াও এনএসইউ বোর্ড অফ ট্রাস্টিজের চেয়ারম্যান আজিজ আল কায়সার এবং এনএসইউর ট্রেজারার আবদুর রব অনুষ্ঠানে সশরীরে উপস্থিত থেকে স্টুডেন্টদের উৎসাহ প্রদান করেন। অনুষ্ঠানের সভাপতি ও এনএসইউর ভাইস

চ্যান্সেলর প্রফেসর ড. আব্দুল হান্নান চৌধুরী তার বক্তব্যে আধুনিক কর্মক্ষেত্রের চ্যালেঞ্জ মোকাবেলায় ইউনিভার্সিটি ও শিল্প খাতের সমন্বিত প্রচেষ্টার ওপর জোর দেন। আলোচনা সভা শেষে প্রথাগত ফিতা কেটে এবং মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন প্রতিষ্ঠানের স্টল পরিদর্শনের মাধ্যমে মেলার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়।

আগামী ৩ ফেব্রুয়ারি পর্যন্ত প্রতিদিন সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত এই মেলা চলবে। মেলায় দেশি-বিদেশি ১০০টিরও বেশি স্বনামধন্য প্রতিষ্ঠান অংশ নিয়েছে, যা চাকরিপ্রার্থী ও দেশের ৪৫টি ইউনিভার্সিটির স্টুডেন্টদের জন্য সরাসরি ইন্টারভিউ, নেটওয়ার্কিং এবং ক্যারিয়ার বিষয়ক সেমিনারে অংশগ্রহণের এক অনন্য সুযোগ তৈরি করেছে।

সফলভাবে দশম আসর আয়োজনের জন্য এনএসইউ সিপিএসি কর্তৃপক্ষ টাইটেল স্পন্সর এমজিএইচ গ্রুপসহ সব অংশগ্রহণকারী প্রতিষ্ঠান ও শুভানুধ্যায়ীদের প্রতি বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করেছে।